**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-10-2023**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM :**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা বলেছেন, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের মানুষের সমস্যাসমূহ শুনে আন্তরিকভাবে সেই সমস্যা সমাধানের চেষ্টা করতে হবে। গতকাল অরুন্ধুতিনগরে গ্রাম স্বরাজ ভবনে রাজ্যের পঞ্চায়েত ও ভিলেজ কমিটিগুলিকে ডিজিটাল লেনদেনে সক্ষম হিসাবে ঘোষণা এবং জাতীয় পঞ্চায়েত পুরস্কার ও প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) রাজ্যভিত্তিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী রাজ্যের সমস্ত পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠানগুলিতে ইউপিআই লেনদেন এবং অরুন্ধুতিনগর পঞ্চায়েতরাজ প্রশিক্ষণ কেন্দ্রের আধুনিক প্রশিক্ষণ মাধ্যম এবং পরিষেবা যেমন পঞ্চায়েত দর্শন (থ্রি-ডি মডেল ভিলেজ), থ্রি ফিগার স্ট্যাচু এবং গ্রাম সভা মডেল, ওয়াক লাইব্রেরী, ওয়ার্ক স্টেশন এবং চাইল্ড কেয়ার রুম ইত্যাদি পরিষেবা বোতাম টিপে উদ্বোধন করেন।

******************

**NLFT-ATTF Band:**

কেন্দ্রীয় সরকার ত্রিপুরার দুটি উপজাতি ভিত্তিক সংগঠন, ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অফ ত্রিপুরা (এন এল এফ টি ) এবং অল ত্রিপুরা টাইগার ফোর্স (এ টি টি এফ) এর সব

রকমের কাজকর্ম বেআইনি বলে ঘোষণা করেছে । প্রকারন্তরে, এই দুটি সংগঠনকে নিষিদ্ধ বলেই ঘোষণা করেছে। গতকাল থেকেই এই নিষেধাজ্ঞা বলবৎ হয়েছে । কেন্দ্রীয় সরকার এর উপা বা আনলফুল এক্টিভিটিজ প্রিভেনশন এক্ট আইনানুসারে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এই নিষেধাজ্ঞা জারি করেছে। এব্যাপারে গতকাল গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্বরাষ্ট্র মন্ত্রক।

দুই গোষ্ঠীর সব রকমের সব স্তরের বিভিন্ন উপদল, শাখা সংগঠনও নিষিদ্ধ বলে বিবেচিত হবে। এই নিষেধাজ্ঞা আগামী পাঁচ বছরের জন্য কার্যকর থাকবে।

*****************

**PM, Chhattisgarh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে দেশের সম্পদের উপর প্রথম অধিকার দরিদ্রদের। ছত্তিশগড়ের আদিবাসী অধ্যুষিত বস্তার অঞ্চলের বিভাগীয় সদর দফতর জগদলপুরে একটি জনসভায় তিনি বলেন, শ্রেণী বর্ণ নির্বিশেষে দরিদ্রদের মঙ্গলের জন্য সরকার উৎসর্গীকৃত।

তিনি বলেন যে কেন্দ্রের বিজেপি নেতৃত্বাধীন সরকারের আদিবাসী উন্নয়নের জন্য তহবিল বরাদ্দ কংগ্রেসের তুলনায় পাঁচগুণ ছাড়িয়ে গেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল ছত্তিশগড়ের জগদলপুরে ২৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

*****************

**Panchayet & PMAY Award :**

জাতীয়স্তরে বিশেষ কৃতিত্বের জন্য কুমারঘাট ব্লক উপদেষ্টা কমিটি ও রূপাইছড়ি ব্লকের বাগমারা ভিলেজ কমিটিকে

অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রকল্পে বিশেষ কৃতিত্বের জন্য জেলা ও ব্লকগুলিকে পুরস্কৃত করা হয়েছে। জেলা ক্যাটারগরিতে প্রথম স্থানে রয়েছে পশ্চিম ত্রিপুরা জেলা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে উত্তর ত্রিপুরা জেলা ও ঊনকোটি জেলা। ব্লক ক্যাটাগরিতে যুগ্মভাবে প্রথম স্থানে রয়েছে উত্তর ত্রিপুরা জেলার কদমতলা ব্লক ও ঊনকোটি জেলার কুমারঘাট ব্লক। দ্বিতীয় স্থানে রয়েছে পশ্চিম ত্রিপুরা জেলার মোহনপুর ব্লক এবং যুগ্মভাবে তৃতীয় স্থান পেয়েছে গোমতী জেলার অমরপুর ব্লক ও দক্ষিণ ত্রিপুরা জেলার ভারতচন্দ্রনগর ব্লক।

******************

**Anurag Shing Thakur:**

বিজেপি সরকার দেশের সাড়ে ১৮ কোটির বেশি দরিদ্র মানুষকে দারিদ্র সীমার উপরে তুলে নিয়ে আসার লক্ষ্যে কাজ করেছে বলে জানিয়েছেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে বিজেপি সরকার মানবমুখী দৃষ্টিভঙ্গি ও দরিদ্র জনগনের উন্নয়নমুখী সরকার। ওড়িশা সফরে গতকাল ভুবনেশ্বর ও কটকে আয়োজিত বিভিন্ন সভায় শ্রী ঠাকুর বক্তব্য রাখতে গিয়ে এই মন্তব্য করেন। 'সবকা সাথ সবকা বিকাশ'- এর মন্ত্রে উজ্জীবিত বিজেপি সরকার দারিদ্র সীমার নিচে বসবাসকারী লোকদের কল্যানের লক্ষ্যে কাজ করে চলেছে।

******************

**New Tripura bhaban:**

নয়াদিল্লিতে নতুন আরো একটি ত্রিপুরা ভবন নির্মানের জন্য ২,৯৩০ বর্গমিটার জমি বরাদ্দ করেছে দিল্লি ডেভেলপমেন্ট অথরিটি ইনস্টিটিউট ল্যান্ড ব্রাঞ্চ। নয়াদিল্লির দ্বারকায় সেক্টর

১৭’র প্লট নং ৩-তে এই জমি বরাদ্দ করা হয়েছে। দিল্লি ডেভেলপমেন্ট অথরিটি ইনস্টিটিউট ল্যান্ড ব্রাঞ্চের ডেপুটি ডিরেক্টর (আই এল) নয়াদিল্লিস্থিত ত্রিপুরা ভবনের স্পেশাল চিফ রেসিডেন্স কমিশনারকে এক চিঠিতে একথা জানিয়েছেন। উল্লেখ্য, গত ১৫ সেপ্টেম্বর নয়াদিল্লিতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা নয়াদিল্লিতে নতুন একটি ত্রিপুরা ভবন নির্মানের জন্য গভর্নর ভি কে সাক্সেনার কাছে আহ্বান জানিয়েছেন।

******************

**Sushanta Chowdhury:**

সরকারি নির্দেশ মেনে দুর্গা পুজার আয়োজন করতে পুজো উদ্যোক্তাদের কাছে আবেদন রেখেছেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। গতকাল জিরানিয়ার অগ্নিবীণা হলে মহকুমার ক্লাব ও পুজো কমিটিগুলিকে নিয়ে অনুষ্ঠিত সভায় তিনি বলেন, রাস্তায় যান বাহন থামিয়ে কোনও অবস্থাতেই চাঁদা সংগ্রহ করা যাবে না। এক্ষেত্রে প্রশাসন উপযুক্ত ব্যবস্থা নেবে। মূর্তি বিসর্জন যাতে সুশৃঙ্খলভাবে হয় সেজন্যও মহকুমা প্রশাসনকে সতর্ক থাকতে নির্দেশ দিয়েছেন মন্ত্রী।

******************

**Wild Life Conservation week:**

জাতীয় বন্য প্রাণী কল্যান দিবস আজ রাজ্যে উদযাপন করা হচ্ছে। রাজ্যে জাতীয় বন্যপ্রাণী সপ্তাহ উদযাপন শুরু হয়েছে গত সোমবার থেকে। এই উপলক্ষে রাজ্য সরকারের বন দপ্তরের বন্যপ্রাণী সংরক্ষণ বিভাগের আধিকারিক কৃষ্ণগোপাল রায় আকাশবাণীকে জানান, বন্যপ্রাণী সপ্তাহ বন্যপ্রাণী কল্যান দিবস উদযাপনের অঙ্গ হিসাবে রাজ্যের সব কয়টি অভয়ারণ্যে, বন দপ্তরের কার্যালয়ে বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে, এর মধ্যে রয়েছে সচেতনতামূলক প্রভাতফেরী,

চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা, ক্যুইজ প্রতিযোগিতা, বাই সাইকেল র‍্যালি, স্বচ্ছতা অভিযান, রক্তদান শিবির বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ইত্যাদি ।

*****************

**Energy Transition of Tripura:**

আগরতলায় পোলো টাওয়ারে আজ সকাল ১১ টায় এনার্জি ট্রানজিশন অফ ত্রিপুরা শীর্ষক কর্মশালা আয়োজিত হবে । এই অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা এবং বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ।

*****************

**Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আগরতলা ও তার পাশবর্তী অঞ্চলে আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ বত্রিশ ডিগ্রির কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল পঁচিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস।

*****************

*****************